

যৎসামান্য

মিল দেওয়া ভাষা আমি লিখেছি অনেক
দেখেছি ত্রিয়াপদের লাফ, বিশেষগের নানা ব্যতিরেক,
শব্দকে বলেছি যা, ওই ডোবাজল থেকে তুই
চন্দ খুঁজে আন,
বাসী চাঁদ থেকে কবিতা আনতে তো সকলেই পারে, তুই
অন্য কিছু আন।

আজ সামনে আমার
শুধু ভুল শব্দের শব্দপাহাড়
এরা কি মৃত্যুর আগে সকলেই যুদ্ধ করেছিল।
রাজনীতি অনীতি থামাতে একবারও বিবেকবাদ হয়েছিল।
এখনতো প্রতোক নতুন শব্দ মৃত্যুর আগে
কি করে যে শোক লিখতে হবে
আমাকে তো আগেই জানিয়ে রাখে!
সেম্বান্ভাষাও কি মিল দিয়ে লিখবো এবং
কানায়ও লাগাবো বিশেষগের রঙ।
হে আমার হাহাকার কলম এ - সব অভ্যাস থামাও !
পরিবর্তে দাও কিছু সামান্য গানের বাণী
তা যখন সুর হবে, আমি হয়তো হতে পারবো
প্রণয়ের প্রাণী।

সমরেন্দ্র সেনগুপ্ত

